নির্বাচন কমিশন বার্তা
www.ecs.gov.bd
১৩তম বর্ষ | ৫১তম সংখ্যা | জানুয়ারি-মার্চ ২০২৩

# রাষ্ট্রপতি নির্বাচন ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচিত হয়েছেন জনাব মোঃ সাহাবুদ্দিন। ১৩ ফেব্রুয়ারি ২০২৩ সোমবার রাষ্ট্রপতি নির্বাচনের নির্বাচনি কর্তা মাননীয় প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল রাষ্ট্রপতি নির্বাচন আইন ১৯৯১ (১৯৯১ সনের ২৭নং আইন) এর ধারা ৭ মোতাবেক জনাব মোঃ সাহাবুদ্দিন, পিতা- মরহুম শরফুদ্দিন আনছারী, বাসা/ হোল্ডিং-৮৮/১, গ্রাম/রাস্তা: শিবরামপুর, পাবনা পৌরসভা, ডাকঘর পাবনা- পোষ্ট কোড-৬৬০০, উপজেলা- পাবনা সদর, জেলা-পাবনাকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি পদে নির্বাচিত ঘোষণা করেন।

২৫ জানুয়ারি ২০২৩ তারিখ বুধবার বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত নির্বাচন কমিশন সচিবালয়ের নং ১৭.০০.০০০০.০৩৪.০২৫.২২-৫২ প্রজ্ঞাপনমূলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ২২তম রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়। এর



রাষ্ট্রপতি নির্বাচনের মনোনয়নপত্র জমা দিচ্ছেন আওয়ামী লীগের সিনিয়র নেতৃবৃন্দ



রাষ্ট্রপতি নির্বাচন উপলক্ষে সাংবাদিকদের ব্রিফ করছেন মাননীয় প্রধান নির্বাচন কমিশনার

আগে নির্বাচন ভবনে সকাল ১১.০০ ঘটিকায় মাননীয় কমিশন ১৩তম কমিশন সভায় বসেন। কমিশন সভা শেষে সংবাদ সম্মেলন করে রাষ্ট্রপতি নির্বাচনের পূর্ণাঙ্গ তফসিল ঘোষণা করেন মাননীয় প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল, এ সময় মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আহসান হাবিব খান (অবঃ), মাননীয় নির্বাচন কমিশনার বেগম রাশেদা সুলতানা, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আলমগীর, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আনিছুর রহমান এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব মোঃ জাহাংগীর আলম উপস্থিত ছিলেন।

## এ সংখ্যায় যা আছে


- রাষ্ট্রপতি নির্বাচন ২০২৩
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন
- জাতীয় ভোটার দিবস ২০২৩
- রংপুর সিটি কর্পোরেশন নির্বাচনোত্তর মতবিনিময় সভা
- মাননীয় কমিশনের সাথে বিদেশী প্রতিনিধিবৃন্দের সাক্ষাৎ
- নির্বাচন কমিশনের সাথে RFED ও সিনিয়র সাংবাদিকদের মতবিনিময় সভা
- বিভিন্ন নির্বাচন অনুষ্ঠিত
- নিয়োগ, বদলি/পদায়ন, পদোন্নতি ও অবসর
- বিদেশ ভ্রমণ
- মাসিক সমন্বয় সভা
- কমিশন সভার গৃহীত সিদ্ধান্ত
- প্রশিক্ষণ


**আমার ভোট আমার অধিকার**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**

## নির্বাচনের বিস্তারিত তফসিল

| বিবরণী | তারিখ ও বার | সময় | স্থান |
|---|---|---|---|
| (ক) নির্বাচনী কর্তার নিকট মনোনয়নপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান | ১২ ফেব্রুয়ারি ২০২৩, রবিবার | সকাল ১০.০০ ঘটিকা হইতে অপরাহ্ন ৪.০০ ঘটিকা পর্যন্ত | মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এবং নির্বাচনি কর্তার অফিস কক্ষ, নির্বাচন ভবন, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা |
| (খ) মনোনয়নপত্র পরীক্ষার তারিখ | ১৩ ফেব্রুয়ারি ২০২৩, সোমবার | সকাল ১০.০০ ঘটিকা হইতে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত | |
| (গ) প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ | ১৪ ফেব্রুয়ারি ২০২৩, মঙ্গলবার | অপরাহ্ন ৪.০০ ঘটিকা পর্যন্ত | |
| (ঘ) ভোটগ্রহণের তারিখ ও সময় | ১৯ ফেব্রুয়ারি ২০২৩, রবিবার | অপরাহ্ন ২.০০ ঘটিকা হইতে অপরাহ্ন ৫.০০ ঘটিকা পর্যন্ত | জাতীয় সংসদের সংসদ কক্ষ |

ঘোষিত তফসিল মোতবেক ১২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ রবিবার রাষ্ট্রপতি নির্বাচনের নির্বাচনী কর্তা মাননীয় প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল এর নিকট বাংলাদেশ আওয়ামী লীগ হতে রাষ্ট্রপতি পদে জনাব মোঃ সাহাবুদ্দিন এর পক্ষে দুইটি মনোনয়নপত্র দাখিল করা হয়।

জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য জনাব ওবায়দুল কাদের এমপি দুটি মনোনয়নপত্রেরই প্রস্তাবক এবং জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য জনাব মোহাম্মদ হাছান মাহমুদ এমপি দুটি মনোনয়নপত্রেরই সমর্থক ছিলেন।

| | | |
|---|---|---|
| প্রস্তাবক | জনাব ওবায়দুল কাদের এমপি | সংসদ সদস্য হিসেবে জাতীয় সংসদ কর্তৃক ভোটারের অনুকূলে বরাদ্দকৃত বিভক্তি সংখ্যা-২৭২ |
| সমর্থক | জনাব মোহাম্মদ হাছান মাহমুদ এমপি | সংসদ সদস্য হিসেবে জাতীয় সংসদ কর্তৃক ভোটারের অনুকূলে বরাদ্দকৃত বিভক্তি সংখ্যা-২৮৪ |

মনোনয়নপত্র দাখিলের সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগ এর সাধারণ সম্পাদক জনাব ওবায়দুল কাদের এমপি ও মাননীয় মন্ত্রী, জনাব মোহাম্মদ হাছান মাহমুদ এমপি ও মাননীয় মন্ত্রী, লে. কর্ণেল (অব.) মুহাম্মদ ফারুক খান এমপি, ড. আবদুস সোবহান গোলাপ এমপি, জনাব নূর-ই-আলম চৌধুরী এমপি ও চিফ হুইপ, জাতীয় সংসদ, জনাব জাহাঙ্গীর কবির নানক, সভাপতিমন্ডলীর সদস্য, ড. সেলিম মাহমুদ, তথ্য ও গবেষণা সম্পাদক এবং ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, দপ্তর সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ।

১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ সোমবার রাষ্ট্রপতি পদে দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ পরীক্ষা করা হয়।

পরীক্ষার পর রাষ্ট্রপতি পদে জনাব মোঃ সাহাবুদ্দিন এর মনোনয়নপত্র বৈধ ঘোষণা করা হয়। রাষ্ট্রপতি পদে জনাব মোঃ সাহাবুদ্দিন একমাত্র বৈধ প্রার্থী হওয়ায় রাষ্ট্রপতি নির্বাচনের নির্বাচনি কর্তা মাননীয় প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল রাষ্ট্রপতি নির্বাচন আইন ১৯৯১ (১৯৯১ সনের ২৭নং আইন) এর ধারা ৭ মোতাবেক জনাব মোঃ সাহাবুদ্দিনকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি পদে নির্বাচিত ঘোষণা করেন।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন

যথাযোগ্য মর্যাদায় ১৭ মার্চ ২০২৩ তারিখে বাংলাদেশ নির্বাচন কমিশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন করা হয়। এ উপলক্ষ্যে ১৭ মার্চ সকালে নির্বাচন ভবনে মাননীয় কমিশন ও নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা ও শিশু-কিশোরেরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের দিন প্রথমেই নির্বাচন কমিশন সচিবালয়ে অস্থায়ীভাবে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরালে পুষ্পস্তবক অর্পন করে এ অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন মাননীয় প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল। এ সময় মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আহসান হাবিব খান (অবঃ), মাননীয় নির্বাচন কমিশনার বেগম রাশেদা সুলতানা, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আলমগীর এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব মোঃ জাহাংগীর আলম উপস্থিত ছিলেন। পুষ্পস্তবক অর্পনের পর বঙ্গবন্ধু জন্মবার্ষিকীর কেক কাটা হয়। এরপর বঙ্গবন্ধু, তাঁর পরিবারবর্গ ও দেশের কল্যাণে দোয়া- মোনাজাত করা হয়। সবশেষে বঙ্গবন্ধুকে নিয়ে একটি ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। অনুষ্ঠানের দিন মাননীয় কমিশন শিশু কিশোরদের সাথে কিছু সময় কাটান।

বঙ্গবন্ধু বাঙালি জাতির জন্য মুক্তির দূত হয়ে এসেছিলেন। পশ্চিম পাকিস্তানের ২৪ বছরের শোষণ ও বঞ্চনার ইতি ঘটিয়ে বঙ্গবন্ধুর নেতৃত্বে আমরা পেয়েছিলাম স্বাধীন দেশের লাল সবুজ পতাকা। আজ গণতান্ত্রিক, অর্থনৈতিক ও আর্থ-সামাজিক ক্ষেত্রে যে উন্নতি সাধন করেছে, তার মূলে রয়েছে স্বাধীনতা। পশ্চিম পাকিস্তানের অপশাসন ও শোষণ থেকে আমরা স্বাধীন হতে না পারলে বিশ্ব দরবারে আজ আমরা মাথা উঁচু করে দাঁড়াতে পারতাম না।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে কেক কাটা

## জাতীয় ভোটার দিবস ২০২৩

ব্যাপক উৎসাহ উদ্দীপনা ও আনন্দঘন পরিবেশের মধ্যদিয়ে রাজধানী ঢাকাসহ সারাদেশে জাতীয় ভোটার দিবস ২০২৩ পালন করা হয়। দিবসটির এ বছরের প্রতিপাদ্য ছিল " ভোটার হব নিয়ম মেনে, ভোট দিব যোগ্যজনে"। ভোটার দিবস উপলক্ষে কেন্দ্রীয়ভাবে নির্বাচন কমিশন সচিবালয়ে এবং মাঠ পর্যায়ে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে বর্ণাঢ্য র‌্যালি ও আলোচনা সভা করা হয়। কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে ২ মার্চ ২০২৩ সকালে নির্বাচন ভবনের সামনে স্থাপিত মঞ্চ থেকে বেলুন উড়িয়ে সারাদেশের ভোটার দিবসের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করা হয়। এ সময় মাননীয় প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল, মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আহসান হাবিব খান (অবঃ), মাননীয় নির্বাচন কমিশনার বেগম রাশেদা সুলতানা, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আলমগীর, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আনিছুর রহমান এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব মোঃ জাহাংগীর আলম উপস্থিত ছিলেন। এ সময় মাননীয় কমিশন শান্তির প্রতীক পায়রা উড়িয়ে জাতীয় ভোটার দিবসের র‌্যালির শুভ উদ্বোধন করেন। র‌্যালিটি নির্বাচন ভবনের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন হয়ে বিএনপি বাজার দিয়ে এনজিও বিষয়ক ব্যুরো ও ডাক ভবনের সামনে দিয়ে আবার নির্বাচন ভবনের সামনে এসে শেষ হয়। র‌্যালিতে মাননীয় কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব, অতিরিক্ত সচিবসহ কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীরা অংশগ্রহণ করেন।

জাতীয় ভোটার দিবস উপলক্ষে ২ মার্চ বিকেল ৪.০০টায় নির্বাচন ভবনের অডিটরিয়ামে ভোটার দিবসের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার প্রধান অতিথি হিসেবে এবং মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এছাড়াও সন্ধ্যা ৬.১৫ মিনিটে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ভোটার দিবসে দক্ষতা ও কৃতিত্বের সাথে দায়িত্ব পালনের জন্য নির্বাচন কমিশনের ৩ জন চৌকস কর্মকর্তাকে জাতীয় নির্বাচনি পদক প্রদান করা হয়। এছাড়া নতুন ভোটারদের হাতে স্মার্ট জাতীয় পরিচয়পত্র তুলে দেয়া হয়।

এদিন দিবসটি উপলক্ষে মাঠপর্যায়ের কার্যালয়সমূহে র‌্যালি ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এ বছর ৫ম বারের মতো জাতীয় ভোটার দিবস উদযাপন করা হয়। বাংলাদেশে গণতন্ত্রের পদযাত্রায় নতুন একটি সংযোজন হচ্ছে জাতীয় ভোটার দিবস। ২০১৩ সালে সার্কভুক্ত দেশগুলোর নির্বাচন বিষয়ক সংগঠন ফেমবোসার (FEMBoSA) চতুর্থ সভার সিদ্ধান্ত মোতাবেক সদস্য দেশগুলো জাতীয়ভাবে ভোটার দিবস পালনের সিদ্ধান্ত গ্রহণ করে। এর পরই মূলত জাতীয় ভোটার দিবস উদযাপনের চিন্তাভাবনা শুরু হয়। এরই ধারাবাহিকতায় নির্বাচন কমিশন সচিবালয় জাতীয়ভাবে ভোটার দিবস উদযাপনের একটি প্রস্তাব কমিশন সভায় উপস্থাপন করে। মাননীয় কমিশন প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গ্রহণ করেন এবং নীতিগতভাবে জাতীয় ভোটার দিবস উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করেন।




জাতীয় ভোটার দিবস-২০২৩ উপলক্ষে র‌্যালি

## রংপুর সিটি কর্পোরেশন নির্বাচনোত্তর মতবিনিময় সভা

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনসহ স্থানীয় সরকারের যেকোন নির্বাচনকে অধিকতর স্বচ্ছ, নিরপেক্ষ, শান্তিপূর্ণ অবাধ ও অংশগ্রহণমূলক করতে রংপুর সিটি কর্পোরেশন নির্বাচনের পর এ নির্বাচন পর্যবেক্ষণ করেছে এমন নির্বাচন পর্যবেক্ষক, সাংবাদিক এবং এ নির্বাচনের রিটার্নিং ও সহকারী রিটার্নিং অফিসারদের সাথে মতবিনিময় করেন মাননীয় নির্বাচন কমিশন। এ মতবিনিময় সভাটি ১১ জানুয়ারি ২০২৩ সকালে নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ ও নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব উপস্থিত ছিলেন।



## মাননীয় কমিশনের সাথে বিদেশী প্রতিনিধিবৃন্দের সাক্ষাৎ

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সুষ্ঠু, অবাধ, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক করতে মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সাথে ১৮ জানুয়ারি ২০২৩ তারিখে EU Heads of Missions এর ১১ সদস্য সাক্ষাৎ করেন। নির্বাচন ভবনের সম্মেলন কক্ষে এ সাক্ষাৎ অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। এ সময় মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আহসান হাবিব খান (অবঃ), মাননীয় নির্বাচন কমিশনার বেগম রাশেদা সুলতানা, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আলমগীর, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আনিছুর রহমান এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব মোঃ জাহাংগীর আলম উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার তাঁদের নানা প্রশ্নের জবাব দেন এবং আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও অংশগ্রহণমূলক হবে এ আশাবাদ ব্যক্ত করেন।

নির্বাচন কমিশনের সাথে ইউএস এমব্যাসি, ইউএস এইড ও ডেমোক্রেসি ইন্টারন্যাশনালের ৫ সদস্য ২৩ মার্চ ২০২৩ সকালে নির্বাচন ভবনে মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের কনফারেন্স রুমে সাক্ষাৎ করেন। এতে ইউএস এমব্যাসির পলিটিক্যাল অফিসার ম্যাথিউ বে, ইউএসএইড, ডিআরজি এর ভারপ্রাপ্ত অফিস ডাইরেক্টর মেদহতি গিরি, ডেমোক্রেসি ইন্টারন্যাশনালের চিফ অব পার্টি ডানা এল ওল্ডস, ডেপুটি চিফ অব পার্টি লেসলি রিচার্ড ও সিনিয়র ডাইরেক্টর ড. এমডি আব্দুল আলিম অংশ নেন।

আলোচনায় নির্বাচনি প্রক্রিয়াকে জেন্ডার সংবেদনশীল করা ও জাতীয় সংসদ নির্বাচনসহ বিভিন্ন নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালায় নারীদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় যেমন: নির্বাচনে নারীরা যেন সহিংসতার শিকার না হয়, রাজনৈতিক দল ও প্রার্থীদের কাছ থেকে নির্বাচনি আচরণ বিধি মেনে চলার বিষয়ে লিখিত নেয়া প্রভৃতি বিষয় সংযুক্ত করার বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়া নির্বাচনের সময় নির্বাচন কমিশনে নারী হেল্প ডেস্ক স্থাপনের উপর গুরুত্ব আরোপ করা হয়।

মাননীয় প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়ালের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আহসান হাবিব খান (অবঃ), মাননীয় নির্বাচন কমিশনার বেগম রাশেদা সুলতানা, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আলমগীর, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আনিছুর রহমান এবং নির্বাচন কমিশন সচিবালয়ের অতিরিক্ত সচিব জনাব অশোক কুমার দেবনাথ উপস্থিত ছিলেন।



মাননীয় কমিশনের সাথে ইউরোপিয়ান ইউনিয়নের প্রতিনিধিবৃন্দের সাক্ষাৎ

## নির্বাচন কমিশনের সাথে RFED ও সিনিয়র সাংবাদিকদের মতবিনিময় সভা



নির্বাচন কমিশনের সাথে RFED ও সিনিয়র সাংবাদিকদের মতবিনিময় সভা

বিভিন্ন নির্বাচনে সাংবাদিকদের জন্য পালনীয় সমন্বিত সাংবাদিক নীতিমালা প্রণয়ন ও সাংবাদিকদের নানা দাবির বিষয়ে আলোচনা করতে নির্বাচন বিটে সাংবাদিকদের সংগঠন RFED- Reporters Forum for Election and Democracy এর নেতৃবৃন্দ ও সিনিয়র সাংবাদিকদের সাথে মতবিনিময় করে বাংলাদেশ নির্বাচন কমিশন। ১৩ মার্চ ২০২৩ সকালে নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভাটি অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়ালের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আহসান হাবিব খান (অবঃ), মাননীয় নির্বাচন কমিশনার বেগম রাশেদা সুলতানা, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আলমগীর, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আনিছুর রহমান এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব মোঃ জাহাংগীর আলম উপস্থিত ছিলেন। সভায় সাংবাদিকদের নানা দাবির বিষয়ে আলোকপাত করা হয় এবং দাবিসমূহের মধ্যে আইন-বিধির মধ্যে থেকে যতদূর সম্ভব তা গ্রহণ করা হবে বলে সাংবাদিকদের আশ্বস্ত করা হয়।

## মাসিক সমন্বয় সভা

গত ১ জানুয়ারি ২০২৩ তারিখ হতে ৩১ মার্চ ২০২৩ তারিখ পর্যন্ত ৩টি মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ জাহাংগীর আলম। এছাড়া নির্বাচন কমিশন সচিবালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন। সভায় যে ৪৫টি উপজেলা ও ৩টি জেলায় এখনো সার্ভার স্টেশন নির্মাণ করা হয়নি সেখানে সার্ভার স্টেশন নির্মাণ প্রকল্প প্রস্তুত, উপজেলা কমপ্লেক্স ভবনে নির্বাচন অফিসের স্থান নির্ধারণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ও স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ, উপজেলা পর্যায়ে বিদ্যমান সার্ভার স্টেশন ঊর্ধ্বমুখী সম্প্রসারণ যোগ্য কিনা সে বিষয়ে স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ হতে মতামত সংগ্রহ, মাঠপর্যায়ে বিটিসিএল এর VPN সংযোগ মনিটরিং এর জন্য কমিশন সচিবালয়ে নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের জন্য ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ কার্যক্রম, ভোটকেন্দ্র স্থাপন এবং নির্বাচনি সামগ্রী ক্রয়ের জন্য পরিকল্পনা প্রস্তুত, সকল পর্যায়ের কর্মকর্তাদের শাখা/অফিস পরিদর্শন, আঞ্চলিক নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, কুয়াকাটা নির্মাণের কার্যক্রম দ্রুত শুরুকরণ, এনআইডি অনুবিভাগসহ সকল ডাক কেন্দ্রীয়ভাবে একই স্থানে গ্রহণ, রাজস্বখাতে জনবল নিয়োগ কার্যক্রম দ্রুত শেষ করা, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয় যেখানে একই ভবনে একাধিক অফিস রয়েছে সেখানে VPN সংযোগের গতি বৃদ্ধিকরণ, ইভিএম কাস্টমাইজেশন সেন্টার ইটিআই ভবনের বেইজমেন্টে স্থানান্তর, প্রতিমাসে কমিশন সচিবালয়ের নিষ্পন্ন ও অনিষ্পন্ন পত্রের সংখ্যা শাখা কর্মকর্তার স্বাক্ষরে এবং মাঠপর্যায়ের তথ্য আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার স্বাক্ষরে প্রেরণ,ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে অবিতরণকৃত স্মার্ট কার্ড দ্রুত বিতরণের ব্যবস্থা গ্রহণ, এনআইডি কার্ড সংশোধন, দ্বৈত ভোটার, ম্যাচ ফাউন্ড, ম্যাডনেস স্ট্যাটাস, ভোটার স্থানান্তর সংক্রান্ত মাসিক প্রতিবেদন সমন্বয় সভায় উপস্থাপন, ঢাকা অঞ্চলের ইভিএম সংরক্ষণের জন্য প্রয়োজনে মহানগর এলাকার বাহিরে অথবা দূরবর্তী এলাকায় গোডাউন ভাড়ার ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।



## বিভিন্ন নির্বাচন অনুষ্ঠিত

গত ১ জানুয়ারি ২০২৩ তারিখ হতে ৩১ মার্চ ২০২৩ তারিখ পর্যন্ত জাতীয় সংসদের শূন্য আসনে ৭টি, পৌরসভার সাধারণ নির্বাচন ৪টি, উপজেলা পরিষদের ১টি এবং ৪৭টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। এছাড়া, উপজেলা পরিষদের বিভিন্ন পদে ৫টি, ইউনিয়ন পরিষদের বিভিন্ন পদে ৫৮টি, সিটি কর্পোরেশনের শূন্য পদে ১টি এবং পৌরসভার শূন্য পদে ১০টি উপনির্বাচন অনুষ্ঠিত হয়।

## নিয়োগ, বদলি/পদায়ন, পদোন্নতি ও অবসর

১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০২৩ সময়ে যুগ্মসচিব ১ জন, পরিচালক ১ জন, উপসচিব ১ জন, সিনিয়র জেলা নির্বাচন অফিসার ১ জন, সিনিয়র সহকারী সচিব ৫ জন, জেলা নির্বাচন কর্মকর্তা ২৯ জন, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ৫ জন, অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা ১ জন, সহকারী সচিব ১ জন, সহকারী পরিচালক ১ জন, উপজেলা নির্বাচন কর্মকর্তা ৬১ জনকে বদলি/পদায়ন এবং ১৫ জন উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়। এ সময়ে জনাব মোঃ আবু তালেব মন্ডল, নির্বাচন কর্মকর্তা, জনাব মোঃ কামরুজ্জামান শিকদার, উপজেলা নির্বাচন কর্মকর্তা, জনাব আবু বকর সিদ্দিক, উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অবসর এবং জনাব মোস্তফা ফারুক, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুরকে জনস্বার্থে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হয়। একই সময়ে জনাব মোহাম্মদ মজিবুর রহমান, প্রশাসনিক কর্মকর্তাকে উপজেলা নির্বাচন কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়।

## বিদেশ ভ্রমণ

২৫ জানুয়ারি হতে ২৬ জানুয়ারি ২০২৩ সময়ে মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আলমগীর এবং জনাব অশোক কুমার দেবনাথ, অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয় " National Voters' Day Celebration & Republic Day Parade in India" উপলক্ষে ভারত সফর করেন।

## কমিশন সভার গৃহীত সিদ্ধান্ত

গত ১ জানুয়ারি ২০২৩ তারিখ হতে ৩১ মার্চ ২০২৩ তারিখ পর্যন্ত সময়ে মোট ০৫টি সভা অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ, সচিব মহোদয় এবং নির্বাচন কমিশন সচিবালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

কমিশন সভা নং ১৩/২০২৩

**গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত :**

**রাষ্ট্রপতি নির্বাচন ২০২৩ এর তফসিল জারি করতে হবে।**

কমিশন সভা নং ১৪/২০২৩

**গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত :**

(১) আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকা পুনর্নির্ধারণের নিমিত্ত কর্মপরিকল্পনা প্রণয়ন।

(২) আগামী ০২ মার্চ ২০২৩ তারিখে ৫ম ভোটার দিবস উদযাপন।

কমিশন সভা নং ১৫/২০২৩

**গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত :**

(১) একাদশ জাতীয় সংসদের ২৮৫ চট্টগ্রাম-৮ শূন্য আসনের নির্বাচনের তফসিল জারি করতে হবে।

(২) আসন্ন দ্বাদশ সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে ব্যালট পেপার ছাপানোসহ নির্বাচনি মালামাল ক্রয়ের ব্যাপারে প্রয়োজনীয় সকল প্রস্তুতি গ্রহণ করতে হবে।

কমিশন সভা নং ১৬/২০২৩

**গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত :**

(১) নিয়োগ, পদোন্নতি, প্রশাসনিক সংস্কার ও পুনর্বিন্যাস এবং দক্ষতা উন্নয়ন কমিটি গঠনের প্রজ্ঞাপন সংশোধন।



## প্রশিক্ষণ

০১ জানুয়ারি ২০২৩ হতে ৩১ মার্চ ২০২৩ পর্যন্ত নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউটে জাতীয় সংসদের ৫ ঠাকুরগাঁও-৩, ৩৯ বগুড়া-৪, ৪১ বগুড়া-৬, ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২, ৪৫ চাঁপাইনবাবগঞ্জ -৩ ও ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২ নির্বাচন এবং ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি ২০২২ উপলক্ষে সংশোধনকারী কর্তৃপক্ষের (রিভাইজিং অথরিটি) সংশ্লিষ্ট আইন ও বিধি অনুসারে করণীয় সংক্রান্ত প্রশিক্ষণ, ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/উপনির্বাচন, পৌরসভার সাধারণ নির্বাচন/উপনির্বাচন, উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ, ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের লক্ষ্যে তথ্য প্রযুক্তি জ্ঞানসম্পন্ন শিক্ষক ও কর্মকর্তা কর্মচারীদের ভোটকেন্দ্রে ভোটগ্রহণের লক্ষ্যে কারিগরি সহায়তাসহ ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনের লক্ষ্যে ইভিএম Trouble Shooting বিষয়ক প্রশিক্ষণ এবং নির্বাচন পরিচালনায় ইভিএম ব্যবহারে উদ্ভূত সমুদয় সমস্যা সমাধান ও ইভিএম এর দক্ষ ব্যবহার এবং ইভিএম মান নিয়ন্ত্রণ (QC) বিষয়ক প্রশিক্ষকদের প্রশিক্ষণ (ToT) সংক্রান্ত প্রশিক্ষণ, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন পরিচালনায় ইভিএম ব্যবহারে উদ্ভূত সমুদয় সমস্যা সমাধান ও ইভিএম এর দক্ষ ব্যবহার, ইভিএম মান যাচাই (QC) এবং ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনের লক্ষ্যে অন্যান্য বিভাগের কর্মকর্তাদের জন্য প্রশিক্ষকদের প্রশিক্ষণ (TOT) সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। বর্ণিত প্রশিক্ষণসমূহে সর্বমোট ১৫৭০টি ব্যাচে ৪০,৬২৫ (চল্লিশ হাজার ছয়শত পচিঁশ) জন কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রশিক্ষণ:** জাতীয় সংসদের ৫ ঠাকুরগাঁও-৩, ৩৯ বগুড়া-৪, ৪১ বগুড়া-৬ ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২ ৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩ এবং ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচনে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং পোলিং এজেন্ট মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণে ৭১৯টি ব্যাচে ১৯৭৭০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

ভোটার তালিকা হালনাগাদ উপলক্ষে প্রশিক্ষণ: ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি ২০২২ উপলক্ষে সংশোধনকারী কর্তৃপক্ষের (রিভাইজিং অথরিটি) সংশ্লিষ্ট আইন ও বিধি অনুসারে করণীয় সংক্রান্ত প্রশিক্ষণে ১২টি ব্যাচে ২৮৬ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে প্রশিক্ষণ:** ১৬/৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন ও চেয়ারম্যান এর শূন্য পদে উপনির্বাচনে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য ১৯৩টি ব্যাচে ৪৮২২ জন ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

**পৌরসভা নির্বাচন উপলক্ষে প্রশিক্ষণ:** ১৬/০৩/২০২৩ তারিখ এবং ২০/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত পৌরসভার সাধারণ, সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর ও সাধারণ ওয়ার্ডের শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য ৬৬টি ব্যাচে ১৫৯৩ জন ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

**ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে প্রশিক্ষণ:** ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/উপনির্বাচন, সাধারণ ওয়ার্ডের সাধারণ/স্থগিত নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ইভিএম/ব্যালটের এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য ৫৪০টি ব্যাচে ১৩,২০৪ জন ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

**কমিশনের নিজস্ব কর্মকর্তাদের প্রশিক্ষণ:** উক্ত সময়ে নির্বাচন পরিচালনায় ইভিএম ব্যবহারে উদ্ভূত সমুদয় সমস্যা সমাধান ও ইভিএম এর দক্ষ ব্যবহার এবং ইভিএম মান নিয়ন্ত্রণ (QC) বিষয়ক প্রশিক্ষকদের প্রশিক্ষণ (ToT) সংক্রান্ত প্রশিক্ষণে ১১টি ব্যাচে ২৪৭ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**অন্যান্য বিভাগের কর্মকর্তাদের প্রশিক্ষণ:** আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন পরিচালনায় ইভিএম ব্যবহারে উদ্ভূত সমুদয় সমস্যা সমাধান ও ইভিএম এর দক্ষ ব্যবহার, ইভিএম মান যাচাই (QC) এবং ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনের লক্ষ্যে অন্যান্য বিভাগের কর্মকর্তাদের জন্য প্রশিক্ষকদের প্রশিক্ষণ (TOT) সংক্রান্ত প্রশিক্ষণে ০৪টি ব্যাচে ১০০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**প্রকাশনা ও সম্পাদনা:** মোঃ আশাদুল হক, সহকারী পরিচালক (জনসংযোগ); ই-মেইল: ashadumcj@gmail.com
নির্বাচন ভবন: প্লট ই, ১৪/জেড-এ, আগারগাঁও, ঢাকা ১২০৭, ফোন: ৫৫০০৭৫৫৬, ফ্যাক্স: ৫৫০০৭৫৬৬, web: www.ecs.gov.bd